

নেস্ট এবং হরাইজন প্রোগ্রামগুলো হচ্ছে ডিস্ট্রিক্ট 1-32 স্কুলগুলোর দুটি পৃথক প্রোগ্রাম যা অটিজমযুক্ত কিছু শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করে। উভয় প্রোগ্রামের লক্ষ্য হলো শিক্ষার্থীদের শিক্ষায়তনিক, যোগাযোগ, এবং সামাজিক দক্ষতা উন্নতি সাধন, তবে তাদের উপযুক্ত হবার ভিন্ন মানদণ্ড রয়েছে। উভয় নেস্ট ও হরাইজন প্রোগ্রামগুলো জন্য একই আবেদন প্রক্রিয়া ব্যবহৃত হয়।

নেস্ট (NEST) প্রোগ্রামের উপরিচিত	হরাইজন প্রোগ্রামের উপরিচিত
নেস্ট প্রোগ্রাম হলো NYCPS এবং <u>নেস্ট সাপোর্ট প্রজেক্ট NYU স্টাইনহার্ট</u> -এর মাঝে একটি অংশীদারিত্ব	হরাইজন প্রোগ্রামটি NYCPS তৈরি করেছে। রিথিংক এড প্ল্যাটফর্ম সলিউশন (Rethink Ed Platform Solutions) সহায়ক এবং শিক্ষা-নির্দেশনামূলক উপকরণ প্রদান করে।
ক্লাসের কাঠামো	ক্লাসের কাঠামো
নেস্ট প্রোগ্রামটি অটিজমযুক্ত শিক্ষার্থীদেরকে প্রতিবন্ধিতা-যুক্ত এবং -হীন শিক্ষার্থীদের সাথে পরিষেবা দেয়। এই ক্লাসটি একটি সমন্বিত সহ-শিক্ষার (ইন্টিগ্রেটেড কো-টিচিং, ICT) ক্লাস, যেখানে একজন স্পেশাল এডুকেশনের শিক্ষক এবং একজন জেনারেল এডুকেশন শিক্ষক থাকেন। শিক্ষার্থীদের বয়স বাড়ার পাশাপাশি, ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি পায়। এই মডেলে ক্লাসরুমে কোনও প্যারাপ্রফেশনাল নেই।	হরাইজন প্রোগ্রাম সর্বোচ্চ আট (8) জন অটিজমযুক্ত শিক্ষার্থীকে একটি স্পেশাল ক্লাসে (SC) পরিষেবা প্রদান করে। এই ক্লাসটিতে একজন স্পেশাল এডুকেশনের শিক্ষক এবং একজন ক্লাসরুম প্যারাপ্রফেশনাল (8:1+1) শিক্ষাদান করেন। জেনারেল এডুকেশন শিক্ষার্থীদের সাথে অন্তর্ভুক্তির সুযোগকে উৎসাহিত করা হয়।
পাঠ্যক্রম ও শিক্ষা-নির্দেশনা	পাঠ্যক্রম ও শিক্ষা-নির্দেশনা
হরাইজন প্রোগ্রামের ক্লাসগুলি নিউ ইয়র্ক স্টেটের শিক্ষণ মান অনুসরণ করে এবং NYCPS-এর সকল স্কুলে যে পাঠ্যক্রম ব্যবহৃত হয় সেই একই পাঠ্যক্রম ব্যবহার করে। নেস্ট-এর শিক্ষকগণ অটিজমযুক্ত শিক্ষার্থীদের জন্য বিশেষায়িত শিক্ষাদানের বিভিন্ন কৌশলে প্রশিক্ষিত, এতে অন্তর্ভুক্ত একটি বিশেষ সামাজিক পাঠ্যক্রম যা NYU দ্বারা প্রণীত সোশ্যাল ডেভেলপমেন্ট ইন্টারভেনশন (SDI) নামে পরিচিত। SDI হলো একটি প্রমাণ-ভিত্তিক প্রোগ্রাম যা নেস্ট-এর শিক্ষার্থীদের সামাজিক/আবেগজনিত বিকাশে সহায়তা করে। SDI ছোট দলে পড়ানো হয় এবং দিনব্যাপী সাধারণ করা হয়।	হরাইজন প্রোগ্রামগুলো নিউ ইয়র্ক শিক্ষণ মান অনুসরণ করে, এবং NYC-এর সকল পাবলিক স্কুলে একই পাঠ্যক্রম ব্যবহার করে। হরাইজন শিক্ষকগণ অটিজমযুক্ত শিক্ষার্থীদের শেখা, সামাজিক আবেগজনিত, এবং আচরণগত প্রয়োজনে সহায়তা করতে বিভিন্ন কৌশলে প্রশিক্ষণপ্রাপ্ত। <u>রিথিংক এড প্ল্যাটফর্ম সলিউশন</u> শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধি, সামাজিক-আবেগজনিত, এবং আচরণগত শিক্ষা অর্জনে অ্যাপ্লায়েড বিহেভিয়ার অ্যানালিসিস (ABA)-এর ভিত্তিতে প্রমাণ-ভিত্তিক শিক্ষা-নির্দেশনামূলক উপকরণ অন্তর্ভুক্ত করে সহায়তা প্রদান করে।
সামাজিক / আবেগজনিত সহায়তা	সামাজিক / আবেগজনিত সহায়তা
সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানকারীগণ শিক্ষার্থীদের সামাজিক কার্যক্রমের উন্নতিতে সহায়তা করতে SDI ব্যবহার করে। এই সামাজিক ভাষার পাঠ্যক্রম ছোট দলে শেখানো হয়।	সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানকারীগণ এবং হরাইজন ক্লাসরুমের শিক্ষকগণ সাপ্তাহিক দলগত স্পিচ সেশনগুলোতে সহায়তা ও সামাজিক ভাব-বিনিময়ের বিকাশ ঘটাতে ডিজাইনকৃত একটি সামাজিক পাঠ্যক্রমে প্রশিক্ষণপ্রাপ্ত। এই দক্ষতাগুলো এরপর স্কুলের দিনব্যাপী সাধারণ করা হয় এবং হরাইজন ক্লাসরুমের টিম দ্বারা পুনরায় জোর দেয়া হয়।

অটিজম প্রোগ্রামে ভর্তি প্রক্রিয়া

নেস্ট শিক্ষার্থী প্রোফাইল	হরাইজন শিক্ষার্থী প্রোফাইল
নেস্ট প্রোগ্রামে গৃহীত শিক্ষার্থীদের অবশ্যই নিচের শর্তাবলী পূরণ করতে হবে:	হরাইজন প্রোগ্রামে গৃহীত শিক্ষার্থীদের অবশ্যই নিচের শর্তাবলী পূরণ করতে হবে:
জ্ঞান/বুদ্ধি	জ্ঞান/বুদ্ধি
শিক্ষার্থীদের অবশ্যই একটি অটিজমের শিক্ষাগত প্রতিবন্ধিতার শ্রেণীভুক্তি লাভ করার যোগ্য হতে হবে।	শিক্ষার্থীদের অবশ্যই একটি অটিজমের শিক্ষাগত প্রতিবন্ধিতার শ্রেণীভুক্তি লাভ করার যোগ্য হতে হবে।
পাঠ্যক্রম ও শিক্ষা-নির্দেশনা	পাঠ্যক্রম ও শিক্ষা-নির্দেশনা
নেস্ট-এর শিক্ষার্থীদের শিক্ষায়তনিক দক্ষতা গ্রেড স্তর পর্যায়ে অথবা উপরে। শিক্ষার্থীরা ন্যূনতম সহায়তা নিয়ে স্বনির্ভরভাবে এবং ছোট দলে কাজ করতে পারে। শিক্ষার্থীরা নিউ ইয়র্ক স্টেট (NYS) গণিত (ম্যাথ) এবং ইংরেজি ভাষা শৈলী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস, ELA) পরীক্ষা সহ প্রমিত (স্ট্যান্ডার্ড) মূল্যায়নে অংশগ্রহণ করে। শিক্ষার্থীর IEP-তে উল্লেখিত অনুযায়ী বিশেষ ব্যবস্থা করা হয়।	হরাইজন-এর শিক্ষার্থীদের শিক্ষায়তনিক দক্ষতা গ্রেড স্তর পর্যায়ে অথবা উপরে। শিক্ষার্থীরা বিভিন্ন ABA কৌশল এবং হস্তক্ষেপ অন্তর্ভুক্ত করে শিক্ষা-নির্দেশনা থেকে উপকৃত হয়। শিক্ষার্থীরা কিছু সহায়তার সাথে স্বনির্ভরভাবে কাজ করতে পারে। শিক্ষার্থীরা নিউ ইয়র্ক স্টেট (NYS) গণিত (ম্যাথ) এবং ইংরেজি ভাষা শৈলী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস, ELA) পরীক্ষা সহ প্রমিত (স্ট্যান্ডার্ড) মূল্যায়নে অংশগ্রহণ করে।
ভাষা/যোগাযোগ	ভাষা/যোগাযোগ
নেস্ট শিক্ষার্থীদের ভাষার দক্ষতা তাদের বয়সের স্তর অনুযায়ী কিংবা কাছাকাছি, এর ব্যতিক্রম সামাজিক ভাষা। এই দক্ষতাগুলোতে অন্তর্ভুক্ত বিষয়বস্তু থেকে সরে না যাওয়া, এবং সামাজিকভাবে যথাযথ অ-মৌখিক অঙ্গভঙ্গি, উত্তর প্রদান এবং অভিব্যক্তি প্রকাশের ব্যবহার। উদাহরণস্বরূপ, নেস্ট শিক্ষার্থীদের সমস্যা থাকতে পারে যার অন্তর্ভুক্ত অসঙ্গত প্রত্যুত্তর এবং/অথবা অন্যদের বক্তব্য এবং/অথবা আচরণ বুঝতে ভুল করা।	হরাইজন শিক্ষার্থীদের সামান্য থেকে মোটামুটি পর্যায়ে ভাষাগত সমস্যা রয়েছে। তাদের অভিব্যক্তি প্রকাশ করায় এবং অন্যরা কী বলছে তা বুঝতে সমস্যা থাকতে পারে। সামাজিক ভাষাতেও তাদের সমস্যা থাকতে পারে। কিন্ডারগার্টেনে নবাগত শিক্ষার্থীরা কমপক্ষে 2-3 শব্দ, অর্থবহ বাক্য বলতে পারে, এবং অপেক্ষাকৃত বয়স্ক শিক্ষার্থীদের ভাষার বিকাশ আরও বেশি হয়েছে, তবে সামাজিক পরিবেশে কার্যকরভাবে মনোভাব প্রকাশ করতে সহায়তা প্রয়োজন হয়।
সামাজিক কার্যক্রম	সামাজিক কার্যক্রম
নেস্ট শিক্ষার্থীদের সামাজিক বিলম্ব থেকে থাকে। উদাহরণস্বরূপ, শিক্ষার্থীরা তাদের সতীর্থ অথবা প্রাপ্তবয়স্কদের সাথে মেলামেশা এবং/অথবা খেলার সময়, দৈনন্দিন নিয়মে পরিবর্তন সামলে নেয়া, এবং তাদের নিজেদের আবেগ ও আচরণ পর্যবেক্ষণ এবং নিয়ন্ত্রণে চ্যালেঞ্জ প্রদর্শন করতে পারে।	হরাইজন শিক্ষার্থীদের অন্য শিক্ষার্থীদের সাথে খেলাধুলা এবং মেলামেশা করায় বিলম্বের সমস্যা রয়েছে। শিক্ষার্থীরা সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে পারে তবে প্রায়ই একাকী কাজ করতে পছন্দ করে।
আচরণ	আচরণ

নেস্ট শিক্ষার্থীদের অটিজম সংশ্লিষ্ট আচরণগত চ্যালেঞ্জ থাকতে পারে। উদাহরণস্বরূপ, একটি স্কুলে কঠোর আনুষ্ঠানিকতা, সামাজিক রীতি-নীতি বা ভুল বোঝাবুঝি মোকাবেলায় সমস্যা, পরিবর্তন মেনে নিতে সমস্যা যার ফলে একজন শিক্ষার্থী বিন্যাস (সেটিং) থেকে সরে আসার চেষ্টা, অভিভূত বোধ করার ফলে না বলা, কাজ প্রত্যাখ্যান করা, অথবা আত্ম-নিয়ন্ত্রণের জন্য পুনরাবৃত্তিমূলক মুহূর্তগুলোতে সম্পৃক্ত থাকা। এই আচরণগুলো শেখার সময় বাঁধা সৃষ্টি করতে পারে এবং শিক্ষার্থীরা যেন অর্থবহভাবে শেখায় সম্পৃক্ত হতে পারে সেজন্যে বিভিন্ন দক্ষতা গড়ে তুলতে একটি অটিজম প্রোগ্রামের মধ্য দিয়ে সহায়তাপ্রাপ্ত হয়।

হরাইজন শিক্ষার্থীদের অটিজম সংশ্লিষ্ট আচরণগত চ্যালেঞ্জ থাকতে পারে। উদাহরণস্বরূপ, পুনরাবৃত্তিমূলক মুহূর্ত, প্রবল আগ্রহ ও স্ব-নির্দেশিত, রুটিনে পরিবর্তন মেনে নিতে হিমশিম খাওয়া, সামাজিক রীতি-নীতি বা ভুল বোঝাবুঝি মোকাবেলায় সমস্যা, কাজ প্রত্যাখ্যান করা, যার ফলে একজন শিক্ষার্থী চাহিদা এড়িয়ে যেতে পারে, কোনো বিষয় দূরে ঠেলে দিতে পারে, অথবা হতাশা প্রকাশ করতে পারে। এই আচরণগুলো শেখার সময় বাঁধা সৃষ্টি করতে পারে এবং শিক্ষার্থীরা যেন অর্থবহভাবে শেখায় সম্পৃক্ত হতে পারে সেজন্যে বিভিন্ন দক্ষতা গড়ে তুলতে একটি অটিজম প্রোগ্রামের মধ্য দিয়ে সহায়তাপ্রাপ্ত হয়।

1. **আবেদনপত্র জমাদান:** আপনি যদি নেস্ট অথবা হরাইজনের কোনও প্রোগ্রামে আবেদন করতে আগ্রহী হন, তবে আপনি যেকোনো সময়ে অনলাইনে আবেদনপত্র জমা দিতে পারেন। অনলাইন আবেদনপত্র [স্পেশালাইজড প্রোগ্রামস্ ফর স্টুডেন্ট উইথ ডিসাবিলিটিজ্](#) (প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য বিশেষায়িত কর্মসূচিসমূহ) ওয়েবসাইটে [\(অটিজম প্রোগ্রামের জন্য আবেদনপত্র \(পৃষ্ঠা 39-এর 1\)\)](#) পাওয়া যাবে। আপনার সন্তান যদি আগামী বছর কিভারগার্টেনে প্রবেশ করে, আমাদেরকে যত তাড়াতাড়ি সম্ভব তা জানাতে অনুরোধ করছি। আপনার সন্তান যদি বর্তমানে K-12 গ্রেডে পড়ছে, পূরণ ও আবেদন করতে আপনার সন্তানের IEP টিমের সাথে কাজ করুন। আবেদন প্রক্রিয়ার জন্য প্রয়োজনীয় সকল মূল্যায়ন আপনার সন্তানের IEP টিম পূরণ করতে পারে।
 - a. আবেদনপত্র পূরণ করতে এবং জমা দিতে সরাসরি আপনার সন্তানের IEP/CSE টিমের সাথে কাজ করুন।
 - i. আপনার সন্তান যদি বর্তমানে কিভারগার্টেনে পড়ছে, তবে আপনার সন্তানের প্রিন্সিপাল বছর চলাকালে যত তাড়াতাড়ি সম্ভব অনলাইনে আবেদনপত্র জমা দিন।
 - ii. এছাড়াও কিভারগার্টেন শিক্ষার্থীদের সাধারণ [কিভারগার্টেন](#) ভর্তি প্রক্রিয়াতেও অংশগ্রহণ করা উচিত।
 - iii. 1- 12 গ্রেডে, যেকোনো সময় অটিজম প্রোগ্রাম আবেদনপত্র জমা দিন।
2. **আবেদনপত্র নিশ্চিতকরণ বা কনফার্মেশন:** একটি অনলাইন আবেদনপত্র জমা দেয়ার পর, আবেদনের প্রাপ্তি নিশ্চিত করতে একটি স্বয়ংক্রিয় মেসেজ তৈরি হবে।
 - a. আপনি যদি সেন্ট্রাল অটিজম প্রোগ্রামের টিম-এর কাছ থেকে আপনার আবেদন জমা দেয়ার পর দুই সপ্তাহের মধ্যে কোনও জবাব না পান, তাহলে অনুগ্রহ করে aimsprogram@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন।
3. **একটি অটিজম প্রোগ্রামের জন্য প্রাথমিক পর্যালোচনা:** আমরা আপনার সন্তানের বর্তমান পরীক্ষা পর্যালোচনা করবো যেন এটি আমাদেরকে তার সামাজিক ভাষা, আচরণ, শিক্ষায়তনিক, এবং অভিযোজিত দক্ষতা সহ বৌদ্ধিক সক্ষমতার একটি সম্পূর্ণ চিত্র দেয়।
 - a. **হালনাগাদকৃত মূল্যায়ন:** যদি আপনার সন্তান সম্পর্কে অটিজম প্রোগ্রামের টিমের আরও তথ্য প্রয়োজন হয় অথবা মূল্যায়নগুলো হালনাগাদ না থাকে, আপনার সম্মতি নিতে এবং কোনো অতিরিক্ত মূল্যায়ন প্রয়োজন হলে তা সম্পন্ন করার জন্য আমরা আপনার সন্তানের IEP/CSE টিমকে বলবো। এতে অন্তর্ভুক্ত হতে পারে একটি অটিজম মূল্যায়ন, যদি ইতোমধ্যেই একটি করা না হয়ে থাকে। এটি আপনার সন্তানের IEP অথবা CSE টিমের সাথে একটি সহযোগিতামূলক প্রক্রিয়া।
 - b. **অতিরিক্ত তথ্য:** সেন্ট্রাল অটিজম প্রোগ্রাম টিম কর্তৃক পর্যালোচনার জন্য আপনি অতিরিক্ত মূল্যায়নের কাগজপত্রও জমা দিতে পারেন। অতিরিক্ত মূল্যায়ন ও উপকরণের প্রয়োজন নেই, ও যেকোনো মূল্যায়ন IEP প্রক্রিয়ার মাধ্যমে করা যেতে পারে।
4. **অটিজম প্রোগ্রামে ভর্তি প্রক্রিয়া এবং সময়রেখা:** যদি প্রাথমিক ইন্টারভিউর সময়ে প্রদত্ত তথ্যে প্রতীয়মান হয় যে আপনার সন্তান একটি নেস্ট অথবা হরাইজন প্রোগ্রামের যেকোনো একটির জন্য উপযুক্ত হতে পারে, তাহলে সেন্ট্রাল অটিজম টিমের একজন সদস্য একটি পর্যবেক্ষণ সময়সূচি করার জন্য আপনার এবং আপনার সন্তানের IEP টিমের সাথে নিবিড়ভাবে কাজ করবেন।
 - a. প্রাথমিক পর্যবেক্ষণের পর, সেন্ট্রাল অটিজম প্রোগ্রামের টিম আপনার সন্তানের অটিজম প্রোগ্রামে ভর্তির প্রক্রিয়ার পরবর্তী ধাপগুলোর ব্যাপারে আপনার সাথে যোগাযোগ করবে। যদি আপনার সন্তানের চিকিৎসাগত তথ্যে দেখা যায় যে, সে:

- i. **কোনো অটিজম প্রোগ্রামের জন্য একজন উপযুক্ত প্রার্থী হতে পারে:** তথ্য পর্যালোচনা এবং প্রক্রিয়ার পরবর্তী ধাপগুলো নিয়ে আলোচনার জন্য আপনার এবং আপনার সন্তানের স্কুলের সাথে অটিজম প্রোগ্রামের টিমের একজন সদস্য যোগাযোগ করবেন।
- ii. **ভর্তি প্রক্রিয়ার শর্ত পূরণ করে না:** সেন্ট্রাল অটিজম প্রোগ্রামের টিম সিদ্ধান্ত নিয়ে আলোচনা করার জন্য আপনার সাথে যোগাযোগ করবে এবং আপনার সন্তানের চাহিদা পূরণে একটি উপযুক্ত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং/অথবা পরিষেবা সুপারিশ নির্ধারণ করতে আপনার সন্তানের IEP টিম আপনার সাথে কাজ করবে। যদি আপনার সন্তান সম্পর্কে নতুন তথ্য লভ্য হয়, তবে আপনি পরবর্তী একটি তারিখে অটিজম প্রোগ্রামের একটি নতুন আবেদনপত্র জমা দিতে পারেন।
- b. **অটিজম প্রোগ্রামে ভর্তি সংক্রান্ত পর্যবেক্ষণ:** যদি প্রাথমিক পর্যালোচনার পর দেখা যায় যে আপনার সন্তান যোগ্যতার শর্তাবলীর অন্তত কিছুটা পূরণ করতে পারে, তাহলে অধিকাংশ ক্ষেত্রে প্রাথমিক ইন্টারভিউয়ের চার সপ্তাহের মধ্যে কোনও অটিজম প্রোগ্রামের স্কুল অথবা একজন সেন্ট্রাল অটিজম টিমের সদস্য পর্যবেক্ষণের সূচি তৈরি করবেন। সেন্ট্রাল অটিজম টিম আপনার সন্তানের পর্যবেক্ষণের রিপোর্ট পর্যালোচনা করবে এবং আপনার সন্তান যদি ভর্তির শর্তাবলী পূরণ করে এবং আসন খালি থাকে, তবে আমরা তাকে অটিজম প্রোগ্রামে আসন প্রদান করবো। আপনি এবং আপনার সন্তানের বর্তমান স্কুল লিখিত পর্যবেক্ষণ রিপোর্টের একটি কপি পাবে এবং ফলাফল নিয়ে আলোচনার জন্য সেন্ট্রাল অটিজম টিম আপনার সাথে যোগাযোগ করবে।
- c. **ভর্তির সিদ্ধান্ত:** আপনার সন্তানের মনস্তাত্ত্বিকশিক্ষাগত (সাইকোএডুকেশনাল) মূল্যায়ন, অটিজম ডায়গনস্টিক টেস্টিং, পর্যবেক্ষণ, এবং জমা দেয়া অন্যান্য তথ্য থেকে গৃহীত তথ্য ও উপাত্তের ভিত্তিতে একটি ভর্তির সিদ্ধান্ত নেয়া হয়। সেন্ট্রাল অটিজম প্রোগ্রামের টিম আপনার সন্তান অটিজম নেস্ট অথবা হরাইজন প্রোগ্রামের শর্ত পূরণ করে কিনা সেবিষয়ে আপনার ও আপনার সন্তানের IEP টিমের সাথে আলোচনা করবেন। অটিজম প্রোগ্রামে একজন শিক্ষার্থীকে গ্রহণ করার পর, সেন্ট্রাল অটিজম প্রোগ্রাম টিমের তত্ত্বাবধানে আপনার সন্তানের স্কুলের IEP টিম, তার IEP প্রণয়ন করবে।
- d. **একটি অটিজম প্রোগ্রাম পরিদর্শন:** আপনার সন্তান যদি কোনও অটিজম প্রোগ্রামে গৃহীত হয়, তবে প্রোগ্রামটি যেই স্কুলে অফার করা হয়েছে সেখানে পরিদর্শন করতে পারেন। যেহেতু অটিজম প্রোগ্রামগুলো প্রতিটি স্কুলে পাওয়া যায় না এবং আসন সীমিত, শিক্ষার্থীর আবেদনপত্র একটি নির্দিষ্ট স্কুলের জন্য নির্ধারণ করা হয়। আমরা সুনির্দিষ্ট কোনও স্কুলের জন্য আবেদন গ্রহণ করতে সক্ষম নই। স্কুল পরিদর্শনের ব্যবস্থা করতে এবং স্কুলে নথিভুক্ত বা এনরোল করতে অফার প্রদানকারী স্কুলটি গৃহীত শিক্ষার্থীদের পরিবারের সাথে যোগাযোগ করবে।

অটিজম প্রোগ্রামগুলোতে গৃহীত শিক্ষার্থীদের জন্য তথ্য

নতুন গৃহীত শিক্ষার্থীদের পরিবারেরা IEP মিটিংয়ের পর একটি 'পূর্ব লিখিত নোটিস' (প্রায়োর রিটেন নোটিস, PWN) এবং স্কুলের ঠিকানা সংক্রান্ত চিঠি (স্কুল লোকেশন লেটার, SLL) পাবেন। SLL-এ আপনার সন্তান কোন স্কুলে যাবে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকবে। SLL পাবার পর গৃহীত শিক্ষার্থীদের পরিবারদের যত শীঘ্রই সম্ভব তাদের সন্তানকে নথিভুক্ত বা এনরোল করার জন্য স্কুলে কাগজপত্র নিয়ে যাওয়া উচিত। অটিজম প্রোগ্রাম স্কুলে যত শীঘ্রই সম্ভব রেজিস্টার করা গুরুত্বপূর্ণ যেন, IEP-তে পরিবহন ব্যবস্থা উল্লেখ থাকলে, তাতে দেরি না হয়।

- **পরিবহন:** পরিবহন ব্যবস্থার উপরিচিত স্কুলে যাওয়া-আসার তথ্য প্রদান করে। IEP পরিষেবার অংশ হিসেবে স্পেশাল এডুকেশনের পরিবহন পেতে আপনার সন্তানের IEP টিমের সাথে কাজে কাজ করুন। বিশেষ পরিবহনের সুবিধা, যেমন যাতায়াতে স্বল্প সময় অথবা তাপমাত্রা-নিয়ন্ত্রিত যানবাহনের প্রয়োজনীয়তা অবশ্যই ডাক্তারের কাগজপত্র দ্বারা সমর্থিত হতে হবে।
- **অটিজম সামার প্রোগ্রাম:** নেস্ট এবং হরাইজন প্রোগ্রাম সেপ্টেম্বর থেকে জুন অবধি দশ মাসব্যাপী ডিস্ট্রিক্ট 1-32 স্কুল ক্যালেন্ডার অনুসরণ করে। কিন্ডারগার্টেন থেকে অষ্টম গ্রেডের অটিজম প্রোগ্রামের শিক্ষার্থীদের জন্য NYCPS একটি ঐচ্ছিক সামার প্রোগ্রাম (গ্রীষ্মকালীন কর্মসূচি) প্রদান করে। এই সামার প্রোগ্রামের উদ্দেশ্য অব্যাহত সামাজিক বিকাশ অগ্রসর করা।

একজন সেন্ট্রাল অটিজম টিমের সদস্য আপনার সন্তানের IEP টিমের সাথে নিবিড়ভাবে কাজ করবেন এবং আপনার সন্তানের আবেদন সংক্রান্ত বিষয়ে আপনার সাথে যোগাযোগও বজায় রাখবেন।